



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা - ১০০০।

www.pallisanchaybank.gov.bd



পসব্য/প্রকা/হিসাব-৬২/২০২২-২৩/ ২০২৩

তারিখ: ০৭/০৩/২০২৩খ্রি.

সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: প্রধান কার্যালয় হতে শাখায় প্রাপ্ত তহবিল ও শাখা হতে প্রধান কার্যালয়ে প্রেরিত তহবিলের উপর সুদ প্রদান।

প্রিয় মহোদয়,

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংকের কোনো কোনো শাখায় অলস তহবিল বেশি থাকে, কিন্তু ঋণ বিতরণ ও ঋণ আদায় কম হয়। অপরদিকে কোনো কোনো শাখায় ঋণের চাহিদা বেশী থাকলেও ফান্ডের অভাবে ঋণ বিতরণ করতে পারে না। অলস/উদ্বৃত্ত তহবিল রয়েছে এমন শাখা হতে প্রধান কার্যালয়ে তহবিল সংগ্রহ করে অধিক ঋণের চাহিদা সম্পন্ন শাখায় প্রেরণ করা হলে ব্যাংক আর্থিকভাবে লাভবান হওয়ার পাশাপাশি ঋণ বিতরণও বৃদ্ধি পাবে। বিভিন্ন ব্যাংকে প্রধান কার্যালয় হতে শাখায় প্রাপ্ত তহবিল ও শাখা হতে প্রধান কার্যালয়ে প্রেরিত তহবিলের উপর সুদ প্রদান করা হয়। এ প্রেক্ষিতে বিগত ২৯/০১/২০২৩ ইং তারিখ রবিবার অনুষ্ঠিত পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের ৮৮ তম সভায় নিয়োক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক). শাখা প্রধান কার্যালয় হতে ফান্ড/তহবিল গ্রহণের ক্ষেত্রে = ৫.৫০% সুদ প্রদান করবে এবং

খ). শাখা প্রধান কার্যালয়ে ফান্ড/তহবিল প্রেরণের ক্ষেত্রে = ৫% সুদ প্রাপ্য হবে।

ফান্ড/তহবিল প্রাপ্তি/প্রেরণের ক্ষেত্রে পরিচালনা বোর্ডের উক্ত সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

২। এমতাবস্থায়, যে সকল শাখায় অতিরিক্ত অর্থ অলসভাবে রয়েছে/থাকবে সে সকল শাখাকে উক্ত অর্থ প্রধান কার্যালয়ে প্রেরণের মাধ্যমে শাখার মুনাফা বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করা হলো। এ সংক্রান্ত যে কোনো বিষয়ে জনাব আগা মিজানুর রহমান চৌধুরী, ক্যাশ সহকারী (মোবাইল- ০১৮১৭-১১৯৫৭৪) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(শেখ মোঃ জামিনুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

পসব্য/প্রকা/হিসাব-৬২/২০২২-২৩/

তারিখ: ০৭/০৩/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. আইটি বিভাগ, এতদসংক্রান্ত হিসাব সিবিএস এর মাধ্যমে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪. সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।
৫. অফিস নথি।

(মোঃ সোহাগ আহমেদ)

সিনিয়র অফিসার